বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর-৪৬.০২.০০০০.০০১.১১.০০১.২২.১১০৭৭ তারিখ: ২৬-১২-২০২২খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকের নিকট হতে অনলাইন-এ আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>টা: ১১০০০- ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | অনূর্ধ্ব ৩০ বছর | ১২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। |
| ২) | কমিউনিটি অর্গানাইজার<br>টা: ১০২০০- ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বছর | ২০৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ৩) | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>টা: ১০২০০- ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বছর | ৩৯ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | |
| ৪) | হিসাব সহকারী<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৩৬১ | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫) | সার্ভেয়ার<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৮৮ | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হতে অন্যূন সার্ভে ডিপ্লোমা। | |
| ৬) | কার্যসহকারী<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৭২০ | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭) | ইলেকট্রিশিয়ান<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৮৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট প্রাপ্ত অথবা কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক কাজের উপর ট্রেড কোর্স পাশ। | |
| ৮) | মুয়াজ্জিন<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩৫ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় বিভাগে ফাজিল, আলিম বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোরানে হাফেজ;<br>(গ) ক্বিরাতে দক্ষতা; | |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | (ঘ) সুন্নাহ এর অনুসারী;<br>(ঙ) বিবাহিত; এবং<br>(চ) উচ্চ ও সুমিষ্ট কন্ঠের অধিকারী। | |
| ৯) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ২৫৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতি থাকতে হবে। | |
| ১০) | অফিস সহকারী<br>টা: ৯৩০০- ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ১৭১ | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

২। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

৩। ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী অধিবাসী হতে হবে এবং ২৫-০৩-২০২০ তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীর ক্ষেত্রে ২৫-০৩-২০২০ তারিখে বয়সের উর্ধ্বসীমা ৩২(বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ২৫-০৩-২০২০ তারিখে বয়সের উর্ধ্বসীমা ৩০(ত্রিশ) বছর (সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০৯-২০২২ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ মোতাবেক)। বয়সের ক্ষেত্রে এফিডেভিট সার্টিফিকেট গ্রহণযোগ্য নয়।

খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে।

গ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

ঘ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে মহামান্য আপীল বিভাগের সিভিল আপীল নং-৪৬০/২০১৭ ও সিপিএলএ নং-৯৯৪/২০১৮ এর রায়ের আলোকে বয়সের উর্ধ্বসীমা শিথিলযোগ্য বলে গণ্য হবে।

৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:

ক. আগ্রহী প্রার্থীগণ http://lged.teletalk.com.bd এর ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪-০১-২০২৩ সকাল ৯:০০ টা।

(ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১-০১-২০২৩ রাত: ১২:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) Pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid mobile (পর্যাপ্ত Balance থাকতে হবে) নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে প্রার্থী জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

ঙ. ফি জমা দেওয়ার পদ্ধতি:

প্রথম SMS: LGED<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LGED ABCDEFGH এবং send to 16222

Reply: Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LGED <Space> Yes <space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: LGED <Space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LGED YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for lged Application for post xxxxxxxxxx User ID is (ABCDEFGH) and Password (xxxxxxxxxx).

চ. উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID এবং Password পাবেন।

ছ. LGED নিয়োগ পরীক্ষা, ২০২২ এর বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://lged.teletalk.com.bd অথবা www.lged.gov.bd এর ওয়েব সাইটে পাওয়া যাবে।

জ. পরীক্ষা গ্রহণের পূর্বে SMS এর মাধ্যমে পরীক্ষার সময় এবং কেন্দ্র সংক্রান্ত বিষয়ে জানানো হবে। User ID এবং Password ব্যবহার করে পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন ব্যবহার করে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবে।

For lost password:

User ID জানা থাকলে LGED <space> Help<space>User<space>User ID & Sent to 16222

Example: LGED Help User ABCDEFGH & Send to 16222

PIN Number জানা থাকলে: LGED <space> Help<space>PIN<space> PIN No & Sent to 16222

Example: LGED Help PIN ABCDEFGH & Send to 16222

৫. প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোনো কাগজপত্র Upload করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রমাণক হিসেবে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) সেট অনুলিপি জমা দিতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) জাতীয় পরিচয় পত্র (NID/Smart card).

(গ) চাকুরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) নাগরিকত্বের সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঙ) কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯-০৬-২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবে:

(ঙ).১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

(ঙ).২ কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (১) গেজেট ও সাময়িক সনদ; অথবা (২) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ; অথবা (৩) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ।

(ঙ).৩ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৭-১০-২০১৮ তারিখের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/৩০৬ মোতাবেক মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস।

(ঙ).৪ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উল্লিখিত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তাঁর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদ।

(ছ) তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সনদ।

(ঝ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী বা এতিম সনদ/পরিচয়পত্র।

(ঞ) প্রবেশপত্র।

(ট) Applicant's copy.

৬। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৭। লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো/সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। উল্লিখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

১০। কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। একাধিক পদের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হতে পারে।


(মোঃ শফিকুর রহমান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)

ও

সদস্য -সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

ইমেইল: se.admin@lged.gov.bd